

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 25-09-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

Corporator Abhijit Ghosh Passes Away :

আগরতলা পুর নিগমের ৪১ নং ওয়ার্ড কর্পোরেটর অভিজিৎ ঘোষ ক্যান্সারে আক্রান্ত হয়ে গতকাল আগরতলা ক্যান্সার হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল মাত্র ৪১ বছর। তার অকাল প্রয়াণে শোক ব্যক্ত করেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। তিনি প্রয়াতের বিদেহী আত্মার সদগতি কামনা করে পরিবার প্রিয়জনদের প্রতি গভীর সমবেদনা ব্যক্ত করেন।

PM Highlights India's Healthcare Transformation :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল জাতীয় উন্নয়নের একটি মূল স্তম্ভ হিসেবে ভারতের স্বাস্থ্যসেবা রূপান্তরের ক্রমবর্ধমান স্বীকৃতির কথা তুলে ধরেছেন। তিনি বিখ্যাত কার্ডিয়াক সার্জন ডঃ দেবী প্রসাদ শেঠির লেখা "স্বাস্থ্যকে উৎপাদনশীলতার সঙ্গে সংযুক্ত করা" শীর্ষক প্রবন্ধ শেয়ার করে বলেছেন যে আয়ুষ্মান ভারত, পোষণ অভিযান এবং স্বচ্ছ ভারতের মতো উদ্যোগগুলি কেবল জনস্বাস্থ্যের মানকে উন্নত করেছে না বরং অর্থনীতিকেও শক্তিশালী করেছে।

PM SVANidhi-Teliyamura :

প্রধানমন্ত্রী স্বনিধি প্রকল্পে গতকাল তেলিয়ামুড়া পুর পরিষদের কার্যালয়ে লোক কল্যাণ মেলা অনুষ্ঠিত হয়। ক্ষুদ্র ব্যবসায়ী এবং সাধারণ মানুষের জন্য

কল্যাণমূলক প্রকল্পের সুযোগ-সুবিধা পৌঁছে দেওয়াই এই মেলায় মূল লক্ষ্য। এই মেলায় ছিল প্রধানমন্ত্রী স্বনির্ভর প্রকল্পের তথ্য ও ঋণ সুবিধা স্টল, ক্ষুদ্র ব্যবসায়ীদের নিবন্ধন ও সহায়তা শিবির, ডিজিটাল লেনদেন ও আধুনিক ব্যাঙ্কিং প্রশিক্ষণ শিবির, স্বাস্থ্য শিবির। অনুষ্ঠানে পূর্ব পরিষদের চেয়ারম্যান রূপক সরকার বলেন, প্রধানমন্ত্রী স্বনির্ভর প্রকল্প ক্ষুদ্র ব্যবসায়ীদের আত্মনির্ভরতার পথে এগিয়ে যেতে সহায়ক ভূমিকা পালন করছে।

Rail-Bonus :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরোহিত্যে কেন্দ্রীয় মন্ত্রিসভা ১০ লক্ষ ৯১ হাজার ১৪৬ জন রেল কর্মচারীকে ৭৮ দিনের উৎপাদনশীলতাভিত্তিক বা প্রোডাক্টিভিটি লিঙ্কড বোনাসের অনুমোদন দিয়েছে। প্রতি বছর দুর্গাপূজা/দশেরা উপলক্ষে রেল কর্মচারীদের এই বোনাস প্রদান করা হয়। প্রত্যেক রেল কর্মচারীর জন্য এই বোনাসের সর্বোচ্চ প্রদেয় পরিমাণ হল ১৭ হাজার ৯৫১ টাকা। রেলপথ রক্ষণাবেক্ষণকারী, লোকো পাইলট, ট্রেন ম্যানেজার স্টেশন মাস্টার, সুপারভাইজার, টেকনিশিয়ান, টেকনিশিয়ান হেল্পার, পয়েন্টসম্যান, মিনিস্ট্রিয়াল স্টাফ এবং অন্যান্য গ্রুপ 'সি' কর্মীদের এই অর্থ প্রদান করা হবে।

Online Auction of Gifts- PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশের নাগরিকদের, পিএম মেমেন্টোজ ই-অকশনের সপ্তম সংস্করণে অংশগ্রহণ করার জন্য আহ্বান জানিয়েছেন। পিএম মেমেন্টোজ ডট gov.in ওয়েবসাইটে অকশন চলবে দোসরা অক্টোবর পর্যন্ত। সমাজমাধ্যমের এক বার্তায় শ্রী মোদী বলেছেন, এই অকশন ভারতের সংস্কৃতি এবং উদ্ভাবনী শক্তিকে তুলে ধরবে।

Swacchata Hi Seba Abhijan :

সারা দেশের সাথে রাজ্যেও গতকাল দুপুর ১২টায় সমস্ত বিদ্যালয়ে পালিত হল "এক দিন, এক ঘন্টা, একসাথে" কর্মসূচি। শিক্ষা মন্ত্রকের নির্দেশিকা অনুযায়ী এ বছরের স্বচ্ছতা হি সেবা অভিযানের এর মূল ভাবনা "স্বচ্ছতাৎসব"। ১৭ সেপ্টেম্বর থেকে শুরু হওয়া এই বিশেষ কর্মসূচি আগামী ২ অক্টোবর পর্যন্ত চলবে এবং মহাত্মা গান্ধীর জয়ন্তীতে স্বচ্ছ ভারত দিবস পালনের মাধ্যমে এর পরিসমাপ্তি ঘটবে। এই বিশেষ উদ্যোগে বিদ্যালয়ের ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষিকা, কর্মচারী এবং বিদ্যালয় পরিচালন সমিতির সদস্যরা বিদ্যালয় ও আশেপাশে পরিচ্ছন্নতা অভিযানে অংশ নেন।

PM-JAY Rally :

অমরপুর মহকুমা হাসপাতালের উদ্যোগে গতকাল আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা ও মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনার বিষয়ে সচেতনতামূলক এক র্যালি অনুষ্ঠিত হয়। র্যালিটির সূচনা করেন অমরপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন বিকাশ সাহা।

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৮-শে সেপ্টেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১২৬তম পর্ব। বেলা ১১টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও

সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুঙ্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

Seba Pakkhik-Blood Donation :

সেবা পাক্ষিক কর্মসূচীর অঙ্গ হিসাবে গতকাল বিজেপি ৬ আগরতলা মন্ডলের উদ্যোগে জিবি হাসপাতালের ব্লাড ব্যাংকে এক স্বেচ্ছা রক্তদান শিবিরের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন বিজেপি সদর জেলা সভাপতি অসীম ভট্টাচার্য, কর্পোরেটর প্রদীপ চন্দ। শিবিরে ২৪ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

Swasth Naari Sashakt Paribar :

সুস্থ নারী সশক্ত পরিবার অভিযানের অঙ্গ হিসেবে গতকাল আগরতলায় মহিলা কমিশনের কার্যালয়ে স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। উদ্বোধন করেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার। উপস্থিত ছিলেন রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্না দেববর্মা, রাজ্য শিশু অধিকার সুরক্ষা কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেববর্মা প্রমুখ।
